

## বড় ছাড়ে ব্যাংকক-ফুকেট-কলম্বো নিয়ে যাবে সিঙ্গাপুর এয়ারলাইন্স

- A Monitor Desk Report

Date: 21 August, 2023



ঢাকা: ঢাকা থেকে ৩২ হাজার ৮৯৮ টাকায় থাইল্যান্ডের রাজধানী ব্যাংকক আর ৩৬ হাজার ৮২৩ টাকায় মালয়েশিয়ার কুয়ালালামপুরে নিয়ে যাবে সিঙ্গাপুর এয়ারলাইন্স।

সম্প্রতি যাত্রীদের জন্য এই ছাড় দিয়েছে এয়ারলাইন্সটি।

সিঙ্গাপুর এয়ারলাইন্স জানায়, ঢাকা থেকে বাংলাদেশের যাত্রীরা অল্প খরচে সিঙ্গাপুরে ট্রানজিট নিয়ে দক্ষিণ এশিয়ার গন্তব্যগুলোতে ঘুরতে যেতে পারবেন। যাত্রীরা ৩৬ হাজার ১৫৭ টাকায় থাইল্যান্ডের ফুকেট, ৪৬ হাজার টাকায় শ্রীলঙ্কার কলম্বো, ৩৬ হাজার ৮২৩ টাকায় মালয়েশিয়ার পেনাং, ৫০ হাজারে ইন্দোনেশিয়ার জাকার্তা, ৪৭ হাজার ৭০৪ টাকায় ইন্দোনেশিয়ার বালি, ৪৮ হাজারে ফিলিপাইনের ম্যানিলা, ৫২ হাজার ৩৪৮ টাকায় সিঙ্গাপুর এবং ৫২ হাজার ৮৩৬ টাকায় মালদ্বীপের মালের রিটার্ন টিকিট কাটতে পারবেন।

এছাড়াও এয়ারলাইন্সটিতে চীনের সাংহাই ও বেইজিংয়ের ভাড়া পড়বে ৫৯ হাজার ৫৪৮, দক্ষিণ কোরিয়ার সিউলে ৯৩ হাজার ২৬৫, জাপানের টোকিওতে ৯৩ হাজার ৫৯৩, অস্ট্রেলিয়ার পার্থে ১ লাখ ৭ হাজার এবং লন্ডনে ১ লাখ ৭ হাজার ৬৯৩ টাকায় নিয়ে যাবে এয়ারলাইন্সটি। ছাড়ে কানাডার ভ্যানকুভারের ভাড়া পড়বে প্রায় ১ লাখ ৭০ হাজার টাকা।

টিকিট কাটার শর্ত হিসেবে সিঙ্গাপুর এয়ারলাইন্স জানায়, ২০২৪ সালের জুন পর্যন্ত এই দামে টিকিট কাটতে পারবেন গ্রাহকরা। টিকিটে ভ্রমণ করা যাবে ২০২৪ সালের ৩ আগস্ট পর্যন্ত। যাত্রার কমপক্ষে ৩০ দিন আগে টিকিট কনফার্ম করে পুরো টাকা পরিশোধ করতে হবে। টিকিটে যে কোনো গন্তব্যে গিয়ে থাকা যাবে সর্বোচ্চ একমাস। কোনো যাত্রী এ টিকিট বাতিল বা রিফান্ড করতে পারবেন না। তবে কেউ যদি টিকিট কাটার পর ওই দেশের ভিসা না পান সেক্ষেত্রে তিনি এয়ারপোর্ট ট্যাক্সের টাকা ফেরত পাবেন।

**আরও পড়ুন:** [বাণিজ্যিক ভ্রমণে মন্দা - নেটওয়ার্ক পুনর্গঠন করছে যুক্তরাষ্ট্রের এয়ারলাইনসগুলো](#)

ভ্রমণের সময় যাত্রীরা ২৫ কেজি চেক-ইন ব্যাগেজ এবং ৭ কেজি হ্যান্ড ব্যাগেজ নিতে পারবেন। বাংলাদেশের যে কোনো ব্যাংকের আন্তর্জাতিক

(ডুয়েল কারেন্সি) ডেবিট কিংবা ক্রেডিট কার্ড দিয়েই কাটা যাবে টিকিট।

**-B**